গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর
স্থানীয় সরকার শাখা
www.sherpur.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ০৫.৪৫.৮৯০০.০০৭.১৬.০১৪.১৫- ৭০

তারিখঃ ১৪ ফাল্গুন ১৪২৯
২৭ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়ঃ উপপরিচালক, স্থানীয় সরকার, শেরপুর কর্তৃক ২৭-০২-২০২৩ তারিখে শ্রীবরদী পৌরসভা পরিদর্শন প্রতিবেদন।

২৭-০২-২০২৩ তারিখে শ্রীবরদী উপজেলাধীন শ্রীবরদী পৌরসভা পরিদর্শন করি। পরিদর্শন কালে পৌর মেয়র জনাব মোহাম্মদ আলী লাল মিয়া, প্যানেল মেয়র-১, জনাব মোঃ আশরাফুল আলমসহ অন্যান্য কাউন্সিলরবৃন্দ, পৌরসভার সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন। পরিদর্শনের নিমিত্ত জনাব ননী গোপাল সরকার, পৌর নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) নথিপত্রাদি ও সংশ্লিষ্ট রেজিষ্টারাদি উপস্থাপন করেন।

হাজিরা বহিঃ

স্থানীয় বাজার হতে ক্রয়কৃত রেজিষ্টার হাজিরা বহি হিসেবে সংরক্ষন করা হচ্ছে, পৃষ্ঠা নম্বর ও প্রত্যয়ন আছে। সকল কর্মকর্তা /কর্মচারী নিয়মিত উপস্থিত হাজিরার স্বাক্ষর করেছেন। মেয়র হাজিরা পরীক্ষান্তে স্বাক্ষর করেন।

পত্র প্রাপ্তি রেজিষ্টার ঃ

স্থানীয় বাজার হতে ক্রয়কৃত রেজিষ্টার পত্র প্রাপ্তি রেজিষ্টার হিসেবে ব্যাবহার করা হচ্ছে। রেজিষ্টারে পৃষ্ঠা নম্বর ও প্রত্যয়ন আছে। রেজিষ্টার পর্যালোচনা দেখা যায় ২৭-০২-২০২৩ পর্যন্ত মোট ৫০টি পত্র এন্ট্রি করা হয়েছে।

পত্র জারী রেজিষ্টারঃ

স্থানীয় বাজার হতে ক্রয়কৃত রেজিষ্টার পত্র জারী রেজিষ্টার হিসাবে ব্যবহার করা হচ্ছে। রেজিষ্টারের পৃষ্ঠা নম্বর ও প্রত্যয়ন আছে। রেজিষ্টার পর্যালোচনায় দেখা যায়, ২৭-০২-২০২৩ পর্যন্ত মোট ২৬টি পত্র জারী করা হয়েছে। পত্র জারী রেজিষ্টারের সকল কলামগুলো যথাযথ পূরণের জন্য পরামর্শ প্রদান করা হলো।

পরিচ্ছন্নতাঃ

পৌরসভা পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা চলমান রয়েছে। পৌরসভার পরিচ্ছন্ন কর্মীরা নিয়মিত পরিচ্ছন্নতার কার্যক্রম পরিচালনা করে থাকেন। পরিচ্ছন্ন কর্মীদের নিয়মিত হাজিরা সংরক্ষণ করা হচ্ছে। সরকারের নির্দেশনার আলোকে পৌরসভাকে পরিচ্ছন্ন রাখার সর্বোচ্চ গুরুত্ব সহকারে ব্যবস্থা গ্রহণের জন্য মেয়রকে অনুরোধ জানানো হয়।

মশক নিধনঃ

জানা যায় মশক নিধন কার্যক্রম নিয়মিত চলমান রয়েছে। ডেঙ্গু প্রতিরোধে পৌরসভা কর্তৃক মশক নিধন ও পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদারসহ ডেঙ্গু নিয়ন্ত্রণে জনগনকে সচেতন করার কার্যক্রম গ্রহন করার জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। বর্তমানে এডিশ মশার প্রকোপ শূণ্যের কোঠায় নেমে এসেছে। তবে মশা নিধন কার্যক্রম চলমান আছে বলে জানা যায় ।

স্ট্রীট লাইটিংঃ

শ্রীবরদী পৌরসভা এলাকায় ৬৫ শতাংশের অধিক এলাকায় স্ট্রীট লাইটিং এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৭৫% এলাকায় স্ট্রীট লাইটিং এর ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে মেয়র, নালিতাবাড়ী পৌরসভা জানান।

স্যানিটেশন ব্যবস্থাঃ

শ্রীবরদী পৌর এলাকায় ৮৮% এর অধিক স্যানিটেশন কার্যক্রম, বাস্তবায়ন করা হয়েছে। স্যানিটেশন ব্যবস্থা ১০০% এর উন্নীত করার উদ্যোগ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হলো।

স্থায়ী কমিটিঃ

শ্রীবরদী পৌরসভায় নিয়মিত স্থায়ী কমিটির মিটিং করা হয়। এছাড়াও প্রতি মাসে মাসিক মিটিং নিয়মিত ভাবে করা হচ্ছে।

উন্নয়ন প্রকল্পঃ

২০২১-২০২২ অর্থ বছরে শ্রীবরদী পৌরসভার এডিবি বরাদ্দ ৬৮,৫৮,০০০/- টাকা পাওয়া যায়, পৌরসভার উন্নয়নের জন্য ০৬টি প্রকল্প হাতে নেয়া হয়েছে। উক্ত প্রকল্পগুলোর অগ্রগতি মেতাবেক ঠিকাদার প্রতিষ্ঠান গুলোকে ৫১,৫৩,৫৯২/- পরিশোধ করা হয়েছে। উল্লেখ্য যে,এডিবি তহবিলের প্রারম্ভিক স্থিতি ২৪,২৬,৪৬২/- টাকা ছিল। প্রকল্পগুলো কাজ ৯০% সমাপ্ত হয়েছে। নির্ধারীত সময়সীমার মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ ২৮/৩/২৩
নম্বর ১৭৪৫

জন্মনিবন্ধনঃ

শ্রীবরদী পৌরসভায় অনলাইন ভিত্তিক জন্ম ও মৃত্যু সনদ প্রদান করা হয়। পর্যালোচনায় দেখা যায় ২০২১-২০২২ অর্থবছরে জুন/২০২২ পর্যন্ত ৭২৭৮টি অনলাইন জন্ম সনদ ও ৭৮টি মৃত্যু সনদ সনদ প্রদান করা হয়েছে এবং এর বিপরীতে ব্যাংকে ৫০,০০০/- টাকা জমা আছে। অতপর রোহিঙ্গাদের যেন নাগরিক সনদ পত্র প্রদান করা না হয় এ বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য পরামর্শ প্রদান করা হলো।

ট্রেড লাইসেন্সঃ

২০২১-২০২২ অর্থ বছরে শ্রীবরদী পৌরসভায় ৫৮১টি ট্রেড লাইসেন্স প্রদান করা হয় এবং উক্ত ট্রেড লাইসেন্স এর বিপরীতে ৬,৭৪,৬৮০/- টাকা আদায় করা হয়েছে। উক্ত ট্রেড লাইসেন্স গ্রাহকগণ সরাসরি ব্যাংকে টাকা জমা প্রদান করে রশিদ দাখিল করেন। এতে করে কাজের গতি বৃদ্ধি পেয়েছে।

ট্যাক্স এসেসমেন্টঃ

২০২১-২০২২ অর্থ বছরে ট্যাক্স এসেসমেন্ট করা হয় ৫৩,০০,৬৪৩/- টাকা। আদায় ৪৩,৯৪,০৫৪/- টাকা, ৯,০৬,৫৮৯/- টাকা বকেয়া রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স, হাট-বাজার ইজারা, স্থাবর সম্পত্তি হস্তান্তর কর, নকশা অনুমোদন, পৌর মার্কেট ভাড়া ইত্যাদি সর্বমোট পৌরসভার রাজস্ব আদায় ২,১৫,৪২,৮৮৫/- টাকা এবং সরকারি অনুদান ব্যতীত আদায় ২,১৫,৪২,৮৮৫/- টাকা।

ক্যাশ বহিঃ

স্থানীয় বাজার হতে ক্রয়কৃত রেজিষ্টার ক্যাশ বহি সংরক্ষণ করা হচ্ছে। রেজিষ্টারের পৃষ্ঠা নম্বর ও প্রত্যয়ন আছে। ক্যাশ বহিতে লেনদেনের তথ্য লিপিবদ্ধ করার পর পৌর নির্বাহী কর্মকর্তা ও মেয়র স্বাক্ষর করেছেন। ক্যাশ বহি পর্যালোচনায় দেখা যায়, সর্বশেষ ৩০-০৬-২০২২ তারিখে সর্বশেষ লেনদেনের তথ্য লিপিবদ্ধ করার হয়েছে এবং রাজস্ব স্থিতি ১৩,৬২,৩৪৯/-টাকা। ক্যাশ বহি হালনাগাদ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সার্বিক মন্তব্য ঃ

শ্রীবরদী পৌরসভা কার্যালয় এর হোল্ডিং ট্যাক্স আদায় সন্তোষজনক। সংশ্লিষ্ট সকলকে হোল্ডিং ট্যাক্সসহ সকল রাজস্ব আদায়ে তৎপরতা বাড়াতে নির্দেশ প্রদান করা হলো। শহরে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করতে হবে।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ তোফায়েল আহমেদ
উপপরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার
শেরপুর।

স্মারক নং- ০৫.৪৫.৮৯০০.০০৭.১৬.০১৪.১৫- ৭০

তারিখ ঃ ০৩ পৌষ ১৪২৯
২৭ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি ~~সদয়~~ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, শেরপুর।
৫। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর।
৬। মেয়র, শ্রীবরদী পৌরসভা, শেরপুর।
৭। অফিস কপি।

২৭/০২/২৩
মোহাম্মদ তোফায়েল আহমেদ
উপপরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার
শেরপুর।